



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রংপুর সরকারি কলেজ, রংপুর

Tel : 02588809093, E-mail: rangpurcollege1984@gmail.com, website: rangpur.college.gov.bd

College Code: (NU: 3207, DEB: 5300), EIIN NO : 127484

নং- ৯৫৯

তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এ কলেজের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, “সমন্বিত উপবৃত্তি প্রকল্প” এর আওতায় উপবৃত্তি প্রদানের জন্য সংযুক্ত ফরম যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কলেজ অফিসে জমা দেয়ার জন্য বলা হলো। উল্লেখ থাকে যে, যারা ফরম পূরণ করবে না কিংবা ভুল ও ত্রুটিপূর্ণ তথ্য প্রদান করবে তাদের উপবৃত্তির অর্থ প্রাপ্তিতে বিঘ্ন ঘটলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য যে, শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদানকৃত পিতার পেশার সাথে উপবৃত্তির ফরমে পিতার পেশার মিল থাকতে হবে।


ফরম জমাদানের সময়: ১৬/০২/২০২৬ হতে ১৯/০২/২০২৬ খ্রি. তারিখ বিকাল ২:৩০ টা পর্যন্ত

ফরম ডাউনলোডের লিংক: ফরম- <https://url-shortener.me/CRNL>

*** উপবৃত্তি প্রদান সংক্রান্ত শিক্ষার্থী প্রোফাইল ও ডাটাবেজ প্রনয়ণের লক্ষ্যে শিক্ষার্থীর তথ্যফরম পূরণে নিম্নোক্ত সকল ডকুমেন্ট ফরম-এর সাথে জমা দিতে হবে।

- ১। এসএসসি/দাখিল/ ভোকেশনাল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র-এর ফটোকপি ০১টি।
- ২। শিক্ষার্থীর ১৭ ডিজিট অন-লাইনের জন্ম সনদের ফটোকপি ০১টি। (হাতে লেখা চলবে না।)
- ৩। পিতার জাতীয়পরিচয়পত্রের (NID) ফটোকপি ১টি। (পরিচয়পত্রের অপর পৃষ্ঠায় পিতার মোবাইল নম্বরটি লিখে দিতে হবে)।
- ৪। মাতার জাতীয়পরিচয়পত্রের (NID) ফটোকপি ১টি। (পরিচয়পত্রের অপর পৃষ্ঠায় মাতার মোবাইল নম্বরটি লিখে দিতে হবে)
- ৫। পিতা-মাতা উভয়ই জীবিত না থাকলে অভিভাবকের জাতীয়পরিচয়পত্রের (NID) ফটোকপি ১টি।
- ৬। ফরমে উল্লেখিত যে কোন একটি ব্যাংকিং হিসাব ব্যবহার করতে হবে; একই মোবাইল ব্যাংকিং নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;
- ৭। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;

বি: দ্র: * প্রত্যেক শিক্ষার্থীকে ফরম-১ ও ফরম-২ উভয়ই জমা দিতে হবে।


অধ্যক্ষ

রংপুর সরকারি কলেজ, রংপুর

রংপুর সরকারি কলেজ, রংপুর
ফোন-০২৫৮৮৮০৯০৯৩